**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ রাজ্য বিধানসভার অধিবেশনে ২০২৬-২৭ অর্থবছরের জন্য বাজেট পেশ করেছেন।**
**(২) নির্বাচন কমিশন ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে।**
**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সরকারী কর্মচারীদের জন্য ৫ শতাংশ মহার্ঘ্য ভাতা ঘোষণা করেছেন।**
**(৪) কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিল বলেছেন, জল জীবন মিশনে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।**
**(৫) টি.সি.এ'র ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়।**

****************************************

**State Budget :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ রাজ্য বিধানসভার অধিবেশনে ২০২৬-২৭ অর্থবছরের জন্য বাজেট পেশ করেছেন। প্রস্তাবিত বাজেটে ২০২৬-২৭ অর্থবছরের জন্য মোট ৩৪ হাজার ২১২ কোটি ৩১ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। যা ২০২৫-২৬ অর্থবছর অর্থাৎ চলতি অর্থবছরের বাজেটের তুলনায় ব্যয় বরাদ্দের হার ৫.৫২ শতাংশ বেশি। প্রস্তাবিত বাজেটে সম্ভাব্য আয় ধরা হয়েছে ৩৩ হাজার ৯৭১ কোটি ৫৯ লক্ষ টাকা। ঘাটতি ২৪০ কোটি ৭২ লক্ষ টাকা। আগামী অর্থবছরে বাজেট নতুন কর আরোপের কোনো প্রস্তাব রাখা হয়নি। অর্থনীতিকে আরো গতিশীল করতে আগামী অর্থবছরের বাজেটে মূলধনী ব্যয়ের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে মূলধনী ব্যয় ধরা হয়েছে ৮

হাজার ৯৪৫ কোটি ১২ লক্ষ টাকা, যা ২০২৫-২৬ সালের বাজেটের তুলনায় ১৩ দশমিক এক দুই শতাংশ বেশি।

বাজেটে স্বাস্থ্য ও গ্রাম উন্নয়ন কৃষি, শিক্ষাক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। স্বাস্থ্যখাতের জন্য ২ হাজার ৪৪১ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যা ২০২৫-২৬ অর্থবছরের তুলনায় ২৫ দশমিক দুই নয় শতাংশ বেশি।

কৃষি ও সংশ্লিষ্ট খাতের জন্য ১ হাজার ২৮৫ কোটি ৬১ লক্ষ টাকা ও শিক্ষা খাতে ৬ হাজার ৪৩৯ কোটি ৫৬ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। অর্থমন্ত্রী শ্রী সিংহ রায় আগামী অর্থবছরের বাজেটে Tripura Government Technical University এবং Tripura Government Women's University স্থাপনের প্রস্তাব রাখা হয়েছে।

AGMC GBP হাসপাতালে একটি Comprehensive Day Care Haemophilia ও Thalassemia Management Centre এবং ঊনকোটি জেলা হাসপাতালে Cancer Diagnostic Management Centre স্থাপনের জন্য বাজেটে প্রস্তাব রাখা হয়েছে।

গোমতী জেলায় ৬০ আসন বিশিষ্ট Ayurvedic Medical College এবং আগরতলার Netaji Subhas State Homeopathy Hospital-এ ৬০ আসন বিশিষ্ট Homoeopathic Medical College আগামী শিক্ষাবর্ষ থেকে চালু হবে বলে অর্থমন্ত্রী জানান।

বাজেট ভাষণে অর্থমন্ত্রী আরো বলেন, আগামী অর্থবছরে আগরতলায় Cyber Security Operation Centre ও আগরতলার চানমারিতে Tripura IT এবং Data Ecosystem Zone স্থাপন করা হবে। Agartala AI City প্রকল্পের মাধ্যমে অত্যাধুনিক IT Park গড়ে তোলা হবে। রাজ্যে Single-Use Plastic নিষিদ্ধকরণ কার্যকর করতে "Plastic Mukta Tripura Abhiyan" চালু করা হবে।

পেচারথলে একটি নতুন Industrial Training Institute নির্মাণ করা হবে। "মুখ্যমন্ত্রী আন্তর্জাতিক কর্মসংস্থান প্রকল্প" চালু করা হবে, যার মাধ্যমে নার্সিং, ITI, ডিপ্লোমা ও স্নাতক শিক্ষার্থীদের বিদেশে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে।

DGCA অনুমোদিত লাইসেন্সসহ ড্রোন পাইলট প্রশিক্ষণের জন্য একটি Drone School স্থাপন করা হবে। রামকৃষ্ণ মিশনের সহযোগিতায় আগরতলায় একটি Foreign Language School স্থাপন করা হবে।

***************************

**CM-Budget :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ২০২৬-২৭ অর্থ বছরের বাজেটকে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে রোডম্যাপ বলে অভিহিত করেন। আজ বিধানসভা ভবনে তিনি বলেন, প্রস্তাবিত বাজেট উৎপাদন, বিশ্বমানের পরিকাঠামো, স্বাস্থ্য পরিষেবা, পর্যটন এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো উদীয়মান প্রযুক্তি সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে শক্তিশালী প্রেরণা দেবে।

#######Byte-CM########

*************************

**Speaker Election :**

উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল আজ বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে ঘোষণা করেছেন আগামী ১৮ই মার্চ রাজ্য বিধানসভার অধ্যক্ষ পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লেখ্য বিজেপি’র পরিষদীয় দলের পক্ষ থেকে ইতিমধ্যে অধ্যক্ষ পদে বিধায়ক রামপদ জমাতিয়ার প্রস্তাব করা হয়েছে।

***********************************

**Bye Election :**

নির্বাচন কমিশন ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি করেছে। আজ থেকেই মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। তবে আজ প্রথম দিনে কোন মনোনয়নপত্র জমা পড়েনি। আগামী ২৩শে মার্চ পর্যন্ত মনোনয়নপত্র গ্রহণ করা হবে। ২৪শে মার্চ মনোনয়নপত্রের স্ক্রুটিনী। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২৬শে মার্চ। ভোটগ্রহণ ৯ই এপ্রিল।

মহকুমা পুলিশ আধিকারিক জয়ন্ত কর্মকার জানিয়েছেন, উপনির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে। আজ সকালে ত্রিপুরা স্টেট রাইফেলসের ১৩ নম্বর ব্যাটেলিয়ান এবং ১৫ নম্বর ব্যাটেলিয়ান থেকে দুই কোম্পানি টিএসআর জওয়ান ধর্মনগর এসে পৌঁছে গেছে। ধর্মনগরের মহকুমা শাসক দেবযানী চৌধুরী উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ ধর্মনগরে সর্বদলীয় বৈঠক করেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**DA-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রাজ্য বিধানসভায় সরকারী কর্মচারীদের জন্য ৫ শতাংশ মহার্ঘ্য ভাতা ঘোষণা করেছেন। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এর ফলে ১ লক্ষ ২ হাজার ৫৬৩ জন নিয়মিত কর্মচারী, ৮১ হাজার ১৯ জন পেনশনার সহ অনিয়মিত কর্মচারীরা উপকৃত হবেন। এই সিদ্ধান্ত আগামী এপ্রিল থেকে কার্যকর হবে বলে তিনি জানান।

***************************

**Package Story-Organic FPC Pineapple Success :**

সিপাহীজলা জেলার মোহনভোগ এলাকায় জৈব আনারস চাষে আত্মনির্ভরতার পথ খুঁজে নিচ্ছেন চাষীরা। কামরাঙ্গাতলী, আনন্দপুর, চন্দুল এবং মোহনভোগ এলাকায় দীর্ঘদিন ধরেই জৈব আনারস চাষ হয়ে আসছে। এই আনারস থেকে ঘরোয়া পদ্ধতিতে জ্যাম, জেলি ও স্কোয়াস তৈরি করে শুরু হয়েছিল প্রক্রিয়াকরণের উদ্যোগ। এনিয়ে একটি প্রতিবেদন।

#########VC########

**************************

**Jal Jiban Mission :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিল আজ রাজ্যসভায় বলেছেন, জল জীবন মিশনে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এই প্রকল্পের অধীনে বর্তমানে সারা দেশে ১৫ কোটি ৮৩ লক্ষেরও বেশি পরিবারে নলের জলের সংযোগ রয়েছে। এই প্রকল্পটিকে রূপান্তরকারী বলে অভিহিত করে তিনি বলেন, জল জীবন মিশন প্রায় ৯ কোটি মহিলার উপর থেকে বোঝা কমিয়েছে, যাদের আগে প্রতিদিন জল আনতে দীর্ঘ পথ হেঁটে যেতে হত।

**************************

**Tripura Gramin Bank :**

ত্রিপুরা গ্রামীন ব্যাংক এর সবকটি শাখায় আজ একদিনের ধর্মঘট পালিত হয়। জয়েন্ট ডেভেলপমেন্ট ফোরামের পক্ষ থেকে ১০ দফা দাবিতে ধর্মঘটের ডাক দেওয়া হয়েছিল। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে ছিল ১২তম দ্বিপাক্ষিক বেতন চুক্তির পূর্ণাঙ্গ বাস্তবায়ন, S. K. Mitra কমিটির সুপারিশ অনুযায়ী পর্যাপ্ত কর্মী নিয়োগ ইত্যাদি।

*************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় ইউনাইটেড বি এস টি ৬ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে, টি আই টি মাঠে কসমোপলিটন ক্লাব ১০ রানে চলমান সংঘকে এবং এম বি বি স্টেডিয়ামে পোলস্টার ক্লাব ১৭০ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, উত্তর ও ঊনকোটি জেলার কিছু স্থানে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৪ ডিগ্রি সেলসিয়াস।

************************